

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৯৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫২. প্রথম অনুচ্ছেদ - বৃষ্টির জন্য সালাত

بَابُ الْإِسْتِسْقَاءِ

আরবী

وَعَنْ أَنَسٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اسْتَسْقَى فَأَشَارَ بِظَهْرِ كَفَّيْهِ إِلَى السَّمَاءِ. رَوَاهُ مُسلم

বাংলা

১৪৯৯-[৩] আনাস (রাঃ) হতে এ হাদীসটিও বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন আল্লাহর নিকট পানি চাইলেন এবং দু'হাতের পিঠ আসমানের দিকে করে রাখলেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৮৯৫, আহমাদ ১২৫৫৪, সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৪৪৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাতের তালুর পিঠ ইস্তিসক্বার সময় উপরে রাখার তাৎপর্য হল। কাজটি চাদর উল্টানোর মত। মেঘমালার বৃষ্টি যেন নীচের দিকে ধাবিত হয়। আর ইমাম নাবাবী বলেন, 'উলামারা বলেছেন, সুন্নাহ হল বালা মুসীবাত হতে মুক্তি পাওয়ার দু'আর সময় তালুর পিঠকে আকাশের দিকে রাখা আর আল্লাহ তা'আলার নিকট কোন কিছু চাওয়ার সময় হতের তালুকে আকাশের দিকে রাখা। আর ইমাম আহমাদ হতে বর্ণিত আছে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কোন বালা-মুসীবাত হতে মুক্তি চাইতেন তখন তালু উপুড় করে দু'আ করতেন এবং যখন কোন প্রার্থনা করতেন তখন হাতের তালু আকাশের দিকে করে দু'আ করতেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=56059}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন